bengalioldsongs.in

শ্রীমতী গীতা দত্ত ( রায় )

**Sm. Geeta Dutt (Roy)**

কথা ঃ—অনল চট্টোপাধ্যায়     সুর ঃ—কানু ঘোষ

**GE 24969** ঐ সুরভরা দূর নীলিমায়
আকাশ জুড়ে স্বপ্ন মায়া

( ১ )

ঐ সুরভরা দূর নীলিমায়
ঐ তারা ঘেরা স্বপ্ন সীমায়
যেথা চন্দ্রকলার বাঁকা নায়
মন মোর আজ উধাও হতে চায়॥

এই ঝুর্ ঝুর্ দখিনার গুঞ্জন
এই রাত তাই এত উন্মন
জোছনা জোয়ার তুলে'
বনানীর ফুলে ফুলে
ঝিকিমিকি মুক্তো ছড়ায়॥
তোমায় পেয়েছি তাই এভুবন
সুরে সুরে ভরে' ওঠে অনুখন
তোমার আঁখির কোলে
আমার ফাগুন দোলে
তুমি আশা রিক্ত হিয়ায়॥*

( ২ )

আকাশ জুড়ে স্বপ্ন মায়া
চাঁদের জোছনায়
অঝোর ঝরে ঝরণা তারই
মাটির আঙ্গিনায়।
সোনার শিশু চোখ মেলেছে
ধানের ক্ষেতেতে
ঝিলিমিলি উতল হাওয়া
ঘুমপাড়ানি গায়।
আয় আয় ময়নামতীর গান
থৈ থৈ নাচন দেখে যা
লাল লাল পলাশ ফুটেছে
দল দল ভোম্‌রা জুটেছে
আকাশে আর বাতাসে কার
কানাকানি শোনা যায়॥

অথৈ সবুজ স্বপ্ন জাগে
বনের কিনারায়
ফাগুন হেথায়, মুখর সদাই
প্রাণের ইসারায়,
নদীর বুকে ঢেউয়ের কলোল
মাতন তুলেছে।
ভালবাসার লগন সবার
হৃদয় মোহানায়
নূতন নূতন স্বপ্ন দিয়ে
সুদূর নীলিমায়
রামধনু ঐ আবেশ ছড়ায়
রঙের তুলিকায়
কত দিনের রিক্ত হিয়া
আজকে ভরেছে
কত আশা সুর নিয়েছে
মনের কবিতায়॥*



শ্রীমতী গীতা দত্ত ( রায় )
শিল্পীর মায়াময় কণ্ঠে—ছন্দ, সুর ও ভাব ব্যঞ্জনায় প্রতিটি গান মধুর হয়।

© * চিহ্নিত গান গুলির সর্ব্বস্বত্ব দি গ্রামোফোন কোং লিঃ এবং কলম্বিয়া গ্রামোফোন কোং লিঃ কর্ত্তৃক সংরক্ষিত (১৯৫৯)